২১ সেপ্টেম্বর, ২০২৬

# ইরান আচরণ না বদলালে বড় ঘটনা ঘটবে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানকে ঘিরে শিগগিরই বড় কোনো ঘটনা ঘটতে পারে বলে সতর্ক করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তেহরান নিজেদের আচরণে পরিবর্তন না আনলে বড় ধরনের ঘটনা ঘটবে বলেও জানিয়েছেন তিনি।

রোববার (২০ সেপ্টেম্বর) ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, ইরান নিয়ে তিনি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার পর্যায়ে রয়েছেন। তিনি বলেন, ‘আমি কি পুরো দেশটাকে আদৌ উড়িয়ে দেব?’ একই সঙ্গে ইরানকে সংযত হওয়ার আহ্বান জানিয়ে ট্রাম্প বলেন, ‘অদূর ভবিষ্যতে খুব বড় কিছু ঘটতে চলেছে।’

সোমবার থেকে জাতিসংঘ সাধারণ পরিষদের বৈঠক শুরু হচ্ছে। এ সময় ইরান নিয়ে কূটনৈতিকভাবে আলোচনার সুযোগ নিয়েও কথা বলেছেন ট্রাম্প। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে বৈঠকে বসতে আগ্রহী বলে জানান তিনি।

তবে ট্রাম্পের সঙ্গে সম্ভাব্য বৈঠক নিয়ে তেহরান বা প্রেসিডেন্ট পেজেশকিয়ানের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

ট্রাম্পের এই বক্তব্য নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে আনাদুলু এজেন্সি।

LENS ASIA